মুকসুদপুর উপজেলা পরিষদের অক্টোবর ২০২১ মাসের মাসিক সভার কার্য-বিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ কাবির মিয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ ।
তারিখ ঃ ২১/১০/২০২১ খ্রিঃ । সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদসবৃন্দ ঃ- পরিশিষ্ট " ক "
অনুপস্থিত সদসবৃন্দ ঃ- পরিশিষ্ট " খ "

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি সভা সুষ্ঠুভাবে পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

ক্রমিক নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর নিয়ন্ত্রণে জনসাধারণকে মাস্ক ব্যবহার ও স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপজেলা স্বাঃ ও পঃ পঃ অফিসার
২।	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার
৩।	প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, নতুন অর্থ বছরের বরাদ্দ পাওয়ার পর কাজ শুরু হবে। ঘর নির্মাণ কাজ চলছে।	বিভাগীয় কাজ সঠিকভাবে করতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার
৪।	শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । করোনার প্রাদুর্ভাবে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ আছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার
৫।	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা মৎস্য অফিসার
৬।	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার
৭।	জনস্বাস্থ্য বিভাগ	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সকল কাজ সুষ্ঠুভাবে করতে হবে।	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য
৮।	নির্বাচন বিভাগ	উপজেলা নির্বাচন অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পর্যায়ক্রমে স্মার্ট কার্ড বিতরণ করা হবে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে করতে হবে।	উপজেলা নির্বাচন অফিসার
৯।	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা সমবায় অফিসার
১০।	আমার বাড়ি আমার খামার প্রকল্প	উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার

ক্রমিক নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১১।	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
১২।	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা সমাজসেবা অফিসার
১৩।	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, পৌরসভা এলাকায় ওএমএস কার্যক্রম শুরু হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	ওএমএস কর্মসূচীর কার্যক্রম সঠিকভাবে করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১৪।	বন বিভাগ	উপজেলা ফরেস্টার জানান, কমলাপুর ব্রীজ হতে বরইতলা পর্যন্ত রাস্তায় কিছু মরা ও পড়া গাছ আছে। গাছগুলি অপসারণ করা প্রয়োজন।	কমলাপুর ব্রীজ হতে বরইতলা পর্যন্ত রাস্তায় মরা ও পড়া গাছ অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা ফরেস্টার
১৫।	প্রকৌশল বিভাগ	১) উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে নির্মাণাধীন আনসার ক্যাম্পের ডিজাইন পরিবর্তন করে অর্থাৎ টিন শেডের পরিবর্তে আরসিসি ছাদ অন্তর্ভুক্ত পূর্বক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত অর্থের পরিমাণ ২১,৪১,৫৮৮/- (একুশ লক্ষ একচল্লিশ হাজার পাঁচশত আটাশি টাকা মাত্র)। ২) উপজেলা প্রকৌশলী ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নের জন্য বিভিন্ন ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকল্প তালিকা (পরিশিষ্ট-গ) সভায় পেশ করেন।	১) রিভাইসড প্রাক্কলন মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ২) দাখিলকৃত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র আহবান পূর্বক সঠিকভাবে প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী
১৬।	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সংক্রান্ত	উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ন বাবদ ৪০,০০,০০০/- টাকা এবং সক্ষমতা উন্নয়ন বাবদ ১০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উপজেলা কমিটির সুপারিশ, এলাকার জনসাধারণের চাহিদা এবং উপজেলা পরিষদের সকলের সাথে একমত হয়ে প্রকল্প তালিকা প্রেরণ করতে হবে।	বিস্তারিত আলোচনান্তে অবকাঠামো উন্নয়ন বাবদ নিম্নলিখিত ২টি উপপ্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। (১) জলিরপাড় বাজার সংলগ্ন জলিরপাড় ব্রীজের উত্তরপাড়ে পাবলিক টয়লেট ও যাত্রী ছাউনি নির্মাণ, (২) মুকসুদপুর উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নিচু বেঞ্চ সরবরাহ। সক্ষমতা উন্নয়ন বাবদ নিম্নলিখিত ৬টি উপপ্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। (১) উপজেলা পরিষদের কর্মকর্তা- কর্মচারীদের জন্য স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ, ওয়েব পোর্টাল হালনাগাদ ও ই ফাইলিং বিষয়ক প্রশিক্ষণ,	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা প্রকৌশলী

ক্রমিক নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
			(২) পাদুকা ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারক ও ঋষি সম্প্রদায়ের কারিগরদের প্রশিক্ষণ ও বাজার পরিচিতি। (৩) ইউনিয়ন পর্যায়ে গবাদি পশু-পাখির টিকা প্রদানকারী স্বাচ্ছাসেবীদের হাতে কলমে প্রশিক্ষণ। (৪) উপজেলা পর্যায়ে হস্তশিল্প(পাটপণ্য) বিষয়ে বেকার যুবতীদের হাতে কলমে প্রশিক্ষণ। (৫) বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশ সংরক্ষণ বিষয়ক ১(এক) দিনের প্রশিক্ষণ কর্মশালা। (৬) মাটির স্বাস্থ্য রক্ষায় জৈব সার উৎপাদন, নিরাপদ ফসল উৎপাদন ও মাল্টা উৎপাদন প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ।	
		৭) উপজেলা প্রকৌশলী জানান, উজানী-রাহুথড় সড়কটি প্রস্তুত করার জন্য রাস্তার পাশে অবস্থিত গাছগুলির মধ্যে কমবেশি ৮০০টি গাছ নিলামে বিক্রয় করা প্রয়োজন। ৮) উপজেলা প্রকৌশলী আরো জানান, ১২টি ইউনিয়ন পরিষদ হতে এডিপি প্রকল্প তালিকা পাওয়া গিয়েছে। অবশিষ্ট ৪টি ইউনিয়ন পরিষদকে জরুরি ভিত্তিতে এডিপি প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন।	৭) গাছগুলি নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। ৮) অবশিষ্ট ইউনিয়ন পরিষদকে জরুরী ভিত্তিতে এডিপি তালিকা জমা দেয়ার জন্য অনুরোধ করা হয়।	
১৬।	বিবিধ	উপজেলা প্রকৌশলী জানান, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের অভ্যন্তরে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করা প্রয়োজন। (১) উপজেলা পরিষদের ড্রেইন নির্মাণ-২,০০,০০০/- টাকা, (২) লুৎফর মেম্বারের বাড়ির সামনের পুকুরে ঘাটলা নির্মাণ-২,০০,০০০/- টাকা। উক্ত প্রস্তাব তিনি সভায় পেশ করেন।	বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব) হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ কাবির মিয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মুকসুদপুর, গোপালগঞ্জ।

স্মারক নং- ০৫.৩০.৩৫৫৮.০০৩.১৮.০৭৯.১১- ৬৬৭

তারিখ ঃ ২৭ /১০/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

১। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ ।
২। উপজেলা .... অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ ।
৩। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ ।

২৭/১০/২১

(মোঃ জোবায়ের রহমান রাশেদ)
উপজেলা নির্বাহী অফিসার
মুকসুদপুর, গোপালগঞ্জ ।